

মুজিববর্ষের অঙ্গীকার
সুরক্ষিত হবে মানবাধিকার



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: 55013726-28; হেল্পলাইন নম্বর: 16108
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd



তারিখ: 23 মার্চ 2021

সংবাদ বিজ্ঞপ্তি

সেফটি নেট প্রকল্পে হিজড়া/লিঙ্গান্তর মানুষদের আরো গ্রহণযোগ্য ও অর্থবহ অংশগ্রহণ সংক্রান্ত অনলাইন পরামর্শক সভার আয়োজন করে জাতীয় মানবাধিকার কমিশন ও বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি।

ভার্চুয়াল এ সভায় প্রধান অতিথি হিসেবে কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি জানান- হিজড়া/লিঙ্গান্তরিত মানুষের কল্যাণে প্রয়োজন সামাজিক ও পারিবারিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন। জন্মের জন্য যার কোনো দায় নেই, তাকে কেন পরিবার বা সমাজ আলাদা করবে, হিজড়া/তৃতীয় লিঙ্গ হওয়ার কারণে পরিবার থেকে বের করে দেওয়ার ঘটনায় শাস্তি আরোপ করা উচিত। পরিবার ছাড়া সন্তানের বেড়ে উঠা একজন সন্তানের চরম মানবাধিকারের লঙ্ঘন। হিজড়া জনগোষ্ঠির মানবাধিকার সুরক্ষার লক্ষ্যে প্রয়োজন একটি পূর্ণাঙ্গ আইন কাঠামো। জাতীয় মানবাধিকার কমিশনের এ সংশ্লিষ্ট থিমেরটিক কমিটির সভায় আলোচনা সাপেক্ষে এতদসংক্রান্ত খসড়া প্রস্তুতির কাজ চলমান রয়েছে এবং শিঘ্রই সেটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে মর্মে তিনি জানান।

অপরদিকে, সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক জনাব শেখ রফিকুল ইসলাম তার আলোচনায় জানান, পরিবার থেকে দূরে থাকার কারণে হিজড়া জনগোষ্ঠির মানবাধিকার চরমভাবে লঙ্ঘন হচ্ছে।

হিজড়াদের জীবনমান উন্নয়ন সংক্রান্ত খসড়া নীতিমালা চূড়ান্ত করার জন্য মন্ত্রণালয় কর্তৃক সভা আহবান করা হয়েছে। এ নীতিমালার পাশাপাশি হিজড়াসহ পিছিয়ে পড়া জনগোষ্ঠির অধিকার সুরক্ষায় একটি আইন থাকা প্রয়োজন বলে জানান সমাজকল্যান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোহাম্মদ ইসমাইল।

ভার্চুয়াল এ সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিল্লাল হোসেন 'বাংলাদেশে হিজড়া জনগোষ্ঠির জন্য অন্তর্ভুক্তিমূলক সামাজিক নিরাপত্তা কর্মসূচি: বাস্তবতা ও করণীয়' শীর্ষক একটি উপস্থাপনা দেন।

সভায় হিজড়া জনগোষ্ঠির প্রতিনিধি শিক্ষক, আইনজীবী, সমাজসেবা অধিদপ্তরের কর্মকর্তাগণ ও কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মো. আজহার হোসেন
জনসংযোগ কর্মকর্তা (বিকল্প দায়িত্ব)
জাতীয় মানবাধিকার কমিশন
মোবাইল: 01684027323